## ALL INDIA RADIO

## আকাশবাণী শিলচর

### REGIONAL NEWS UNIT – SILCHAR

### EVENING NEWS BULLETIN

**BENGALI**

**1 March 2026** **7:45 PM IST**

================================================================

(১) ইরাণে সৃষ্টি হওয়া প্রতিকূল পরিস্থিতির জন্য ভারতীয় নাগরিকদের জরুরী পরামর্শবলী মেনে চলতে পশ্চিম এশিয়ার ভারতীয় দূতাবাসসমূহের আহ্বান ।

(২) আসন্ন বিধানসভা নির্বাচনের পরিপ্রেক্ষিতে বিভিন্ন রাজনৈতিক দলের ভোটদাতাকে আকর্ষণের প্রচেষ্টা ।

(৩) রাজ্য কৃষি উদ্যান শস্য মেলার আজ সমাপ্তি ।

(৪) একাদশ শ্রেণীতে নামভর্তির জন্য আবেদন করা সকল শিক্ষার্থীদের বাধ্যতামূলক আধার বায়োমেট্রিক আপডেট করার বিষয়টি নিশ্চিত করতে আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদের নির্দেশ ।

---

ইরানে উদ্ভুত পরিস্থিতির পরিপ্রেক্ষিতে ভারত থেকে ৪০০ ’র বেশী আন্তর্জাতিক বিমানের পরিষেবা বাতিল করা হয়েছে এবং সময়সূচীর পরিবর্তন করা হয়েছে ।কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহন মন্ত্রনালয় সূত্রে জানানো হয়েছে যে মধ্যপ্রাচ্যে সৃষ্টি হওয়া পরিস্থিতির পরিপ্রেক্ষিতে এই তাৎক্ষণিক সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে । এদিকে পশ্চিম এশিয়ার ভারতীয় দূতাবাস সমুহ ভারতীয় নাগরিকদেরকে জরুরী পরামর্শ মেনে চলার আহ্বান জানিয়েছে । ইজরায়েলের ভারতীয় দূতাবাস দেশটিতে অস্থায়ীভাবে বাস করা ভারতীয় নাগরিকদের ইতিপূর্বে জারি করা পরামর্শবলী মেনে চলতে এবং সাহায্য ও যোগাযোগ সুনিশ্চিত করার উদ্দেশ্যে দূতাবাসের ওয়েবসাইটে নাম পঞ্জীয়ন করার আহ্বান জানিয়েছে ।

অনুরূপভাবে তেহরানে থাকা ভারতীয় দূতাবাস ভারতীয় নাগরিকদের সতর্কতা অবলম্বন করার আহ্বান জানিয়েছে । দূতাবাস কর্তৃপক্ষ প্রয়োজন ছাড়া ঘর থেকে বের না হওয়া এবং সাম্প্রতিক ঘটনা সম্পর্কে অবগত হওয়ার আহ্বান জানিয়েছে । আবু ধাবির ভারতীয় দূতাবাসও ইউ এ ই তে থাকা ভারতীয় নাগরিকদের অযথা ভ্রমন এড়িয়ে চলা এবং সতর্ক থাকার আহ্বান জানিয়েছে । দোহার ভারতীয় দূতাবাস অনুরূপ ব্যবস্থা গ্রহণ করেছে এবং ২৪ ঘন্টা কার্যকর থাকা হেল্পলাইন নম্বর চালু করেছে । দেশটিতে আবদ্ধ থাকা ভারতীয় নাগরিকরা ০০৯৭৪-৫৫৬৪৭৫০২ নম্বরে যোগাযোগ করে সাহায্য লাভ করতে পারবেন ।দামাস্কাস , বাগদাদ ,বাইরেইণের ভারতীয় দূতাবাস ভারতীয় নাগরিকদের সাবধানতা অবলম্বন করতে এবং দূতাবাস তথা স্থানীয় কর্তৃপক্ষের জারি করা নির্দোশাবলী মেনে চলার আহ্বান জানিয়েছে ।

উল্লেখ্য ইরাণের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খোমেইনেই নিহত হয়েছেন বলে সে দেশের সরকারি টেলিভিশন নিশ্চিত করেছে । প্রাপ্ত খবর অনুযায়ি আমেরিকা এবং ইজরায়েলের ইরাণের সরকারী স্থান সমুহকে লক্ষ্য করে চালানো বিমান আক্রমণে খোমেইনেইর মৃত্যু হয়েছে ।

---

শাসক দল বি জে পির রাজ্যে আরম্ভ করা জন আশীর্ব্বাদ যাত্রার আজ জাগীরোড থেকে আরম্ভ হওয়া দ্বিতীয় দিনের কার্যসূচীতে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা অংশগ্রহণ করেন । জাগীরোডে বিভিন্ন জাতি জনগোষ্ঠীর পরম্পরাগত নৃত্য গীতের মাধ্যমে এই কার্যসূচী অনুষ্ঠিত হয় । ---বাইট--
এরপর মরিগাঁও , বারপূজীয়া ,রহা ,নগাঁও এবং পূরনিগুদামে উপস্থিত হবার পর মূখ্যমন্ত্রী বড়মপুরে জন আশীর্ব্বাদ যাত্রার আজকের দিনের কার্যসূচী শেষ করেন । বিজেপির মিত্রদল অসম গণ পরিষদও আজ মধ্য গৌহাটীতে সংকল্প সমারোহের আয়োজন করে । এই সমারোহে দলের সভাপতি অতুল বরা ,কার্যকরী সভাপতি কেশব মহন্ত সহ বেশকয়েকজন প্রবীণ নেতা উপস্থিত ছিলেন ।
আসাম প্রদেশ কংগ্রেসও নাহরকাটীয়াতে আজ সময় পরিবর্তন যাত্রা কার্যসূচীর আয়োজন করে । এই কার্যসূচীতে আসাম প্রদেশ কংগ্রেসের সভাপতি তথা সাংসদ গৌরব গগৈ ,বিধায়ক দেবব্রত শইকিয়া সহ বেশ কয়েকজন প্রবীণ কংগ্রেস নেতা অংশগ্রহণ করেন ।
এদিকে রাইজর দলের সভাপতি অখিল গগৈ আসন্ন বিধানসভা নির্বাচনে শিবসাগর বিধানসভা কেন্দ্র থেকে পুনরায় প্রতিদ্বন্দিতা করার বিষয়টি নিশ্চিত করে ওই কেন্দ্র থেকে প্রচার অভিযান আরম্ভ করেছেন ।

---

খানাপারার কৃষি সঞ্চালকালয় প্রাঙ্গনের মাঠে অনুষ্ঠিত ২৫ তম রাজ্য কৃষি উদ্যান শস্য মেলা আজ সমাপ্ত হয়েছে । মেলার সমাপ্তি অনুষ্ঠানে অংশগ্রহণ করে কৃষিমন্ত্রী অতুল বরা রাজ্যের কৃষি ও উদ্যান শস্য ক্ষেত্রের অগ্রগতির বিষয় তুলে ধরেন । রাজ্যের কৃষকদের মধ্যে নব জাগরনের সৃষ্টি হয়েছে বলে উল্লেখ করে কৃষি যান্ত্রিকীকরণ এবং আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে রাজ্যের কৃষিক্ষেত্রে আশার সঞ্চার হয়েছে বলে তিনি মত প্রকাশ করেন ।

বাইট

অনুষ্ঠানে কৃষি বিভাগের আয়ুক্ত সচিব এবং কৃষি উৎপাদন আয়ুক্ত অরুণা রাজোরিয়া , কৃষি বিভাগের সঞ্চালক ডাঃ পি উদয় প্রবীন সহ বহু বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন ।

---

আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদ সব জেলা বিদ্যালয় পরিদর্শককে একাদশ শ্রেনীতে নামভর্তির জন্য আবেদন করা সকল শিক্ষার্থীদের বাধ্যতামূলক আধার বায়োমেট্রিক আপডেট করার বিষয়টি নিশ্চিত করতে বলেছে । ভারতীয় অনন্য পরিচয় জ্ঞাপক কর্তৃপক্ষ ,ইউ আই ডি এ আইর আঞ্চলিক কার্যালয়ের পক্ষ থেকে লাভ করা পত্রের ভিত্তিতে পর্ষদ এই নির্দেশ জারী করেছে । পর্ষদের নির্দেশ অনুসারে ৫ থেকে ১৫ বছর এবং এর উর্দ্ধে সব ছাত্র ছাত্রীদের বায়োমেট্রিক আপডেট করা বাধ্যতামূলক । এছাড়াও এবারের শিক্ষাবর্ষ থেকে একাদশ শ্রেনীতে নামভর্তি করতে ইচ্ছুক ছাত্র ছাত্রীদের দর্পণ পোর্টেলে পঞ্জীয়ন করার সময়ে বায়োমেট্রিক আপডেট করা বিষয়টি নিশ্চিত করতে হবে নির্দেশে উল্লেখ করা হয়েছে ।

ধলাই-র বিধায়ক নীহার রঞ্জন দাস আজ রুকনী চা বাগান ও ভুবনডর চা বাগানে জগন্নাথ কমিউনিটি হল এবং স্কিল সেন্টারের উদ্বোধন করেন । এ উপলক্ষ্যে আয়োজিত সভায় বিধায়ক শ্রী দাস বলেন যে রাজ্য সরকার চা বাগানগুলির উন্নয়নে বিশেষ গুরুত্ব দিচ্ছে । চা বাগান শ্রমিকদের উন্নয়নে নির্মান করা স্কিল সেন্টারগুলিতে বিভিন্ন ধরনের প্রশিক্ষনের ব্যবস্থা করে আর্থিকভাবে সাবলম্বী করে তোলার প্রয়াস করা হবে বলে বিধায়ক শ্রীদাস জানিয়েছেন ।

---

হাইলাকান্দি সঙ্গীত মহাবিদ্যালয়ের উদ্যোগে আজ হাইলাকান্দি রামকৃষ্ণ মিশন প্রাঙ্গনে উৎসাহ-উদ্দীপনার সঙ্গে বসন্ত উৎসব পালন করা হয়েছে । অনুষ্ঠানে বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা সঙ্গীত , নৃত্য আবৃত্তি ইত্যাক্ষদি পরিবেশন করে । আয়োজকদের পক্ষ থেকে জানানো হয়েছে যে এ ধরনের বসন্ত উৎসব নতুন প্রজন্মের মধ্যে বাঙ্গালী সংস্কৃতি ও রবীন্দ্র চেতনার প্রসারে বিশেষ ভূমিকা পালন করবে ।

---

শ্রীভূমি জেলার এরালিগুলের পন্ডিত দীন দয়াল উপাধ্যায় আর্দশ মহাবিদ্যালয়ের ইকো ক্লাবের উদ্যোগে আজ পরিবেশ বান্ধব হোলির রং-এর প্রস্তুতি বিষয়ক একটি কর্মশালা কলেজ প্রাঙ্গনে অনুষ্ঠিত হয়েছে । মহাবিদ্যালয়ের অধ্যক্ষা ডক্টর জয়শ্রী চক্রবর্তীর পৌরহিত্যে আয়োজিত কর্মশালায় হাইলাকান্দি শ্রীকিষান সারদা কলেজের রসায়ন বিভাগের সহযোগী অধ্যাপক ডক্টর দেবাশীষ গুহ ঠাকুরতা তার বক্তব্যে কৃত্রিম রং-এর ক্ষতিকর প্রভাব সর্ম্পকে আলোচনা করেন এবং সহজলভ্য প্রাকৃতিক

উপাদান ব্যবহার করে কিভাবে ভেষজ ও পরিবেশ বান্ধব রং প্রস্তুত করা যায় , তা প্রদর্শন করেন ।

উল্লেখ্য কর্মশালার মূল্য উদ্দেশ্যে হচ্ছে পরিবেশ সচেতনতা বৃদ্ধি করা এবং হোলি উৎসবে প্রাকৃতিক ও নিরাপদ রং ব্যবহারে মানুষকে উৎসাহিত করা ।

---

স্বেচ্ছাসেবী সংগঠন মেরা যুব ভারতের উদ্যোগে শ্রীভূমিতে গতকাল থেকে তিনদিন ব্যাপী  ভারত লিডারশীপ বুট প্রশিক্ষন শিবিরএর আয়োজন করা হয়েছে । প্রাক্তন পৌর সভাপতি ডক্টর মানস দাস শ্রীভূমি শহরের সেটেলমেন্ট রোডের একটি ভবনে আয়োজিত প্রশিক্ষন শিবিরের উদ্বোধন করেন । উল্লেখ্য বুট ক্যাম্পের লক্ষ্য হল যুব সমাজকে গণতান্ত্রিক কার্য্যসূচীর  বাস্তব অভিজ্ঞতা , নেতৃত্ব বিকাশ এবং ভবিষ্যৎ গড়ার পরিকল্পনার সুযোগ করে দেওয়া । সে অনুযায়ী ১৫ থেকে ২৯ বছর বয়সী ৩৫ জন যুবককে তিন দিনের লিডারশীপ বুট প্রশিক্ষন প্রদান করা হচ্ছে ।

---

শ্রীভূমি শহরের করিমগঞ্জ কলেজে আজ জেলা স্তরের যূব সংসদ অনুষ্ঠিত হয়েছে । মেরা যূব ভারত-এর উপ-সঞ্চালক মেহেবুব আলম লস্করের পৌরহিত্যে আয়োজিত যুব সংসদে প্রাক্তন সাংসদ মিশন রঞ্জন দাস বিশিষ্ট অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । যুব সংসদে শ্রীভূমি ও হাইলাকান্দি জেলার বিভিন্ন কলেজের শিক্ষার্থীরা অংশগ্রহন করেন । যূব সংসদে আলোচ্য বিষয় ছিল-ভারতে জরুরী অবস্থার ৫০ বছর , গণতন্ত্রের জন্য শিক্ষনীয় দিক ।

---

নিলামবাজার পুলিশ গোপন সুত্রের খবরের ভিত্তিতে গতকাল রাতে ব্রাহ্মন শাসন এলাকায় অভিযান চালিয়ে ২০ হাজার ইয়াবা ট্যাবলেট বাজেয়াপ্ত করেছে । আমাদের শ্রীভূমির সংবাদদাতা জানিয়েছেন যে উদ্ধার হওয়া মাদক দ্রব্যের বাজার মূল্য প্রায় এক কোটী টাকা হবে । পুলিশ ঘটনার সঙ্গে যুক্ত থাকার অভিযোগে কান্দিগ্রাম এলাকার জাবির উদ্দিন নামের এক যুবককে আটক করে ঘটনার তদন্ত শুরু করেছে ।

---